

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.১১.০০১.২০-১২৯৪

তারিখঃ ০৮ অগ্রহায়ণ ১৪২৮
২৩ নভেম্বর ২০২১

নিয়োগপত্র

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের রাজস্ব খাতের গ্রেড-১৬ ভুক্ত 'অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ৯৩০০-২২৪৯০/- টাকা বেতনস্কেলে এবং সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম	রোল নম্বর	প্রার্থী এবং মাতা ও পিতার নাম	স্থায়ী ঠিকানা
০১.	১৩০০৮২১	নামঃ খোরশেদ আলম মাতাঃ মনোয়ারা বেগম পিতাঃ আনোয়ার উল্যা	গ্রামঃ বাগপাঁচরা, ডাকঘরঃ নান্দিয়া পাড়া উপজেলাঃ সোনাইমুড়ী, জেলাঃ নোয়াখালী
০২.	১৩০০৮৪৭	নামঃ মোছাঃ আমেনা বেগম মাতাঃ মোছাঃ শরিফা বেগম পিতাঃ মোঃ আলিফনুর মিয়া	গ্রামঃ বাগবাড়ী, ডাকঘরঃ বরুয়াহাট উপজেলাঃ কাউনিয়া, জেলাঃ রংপুর

শর্তাবলি:

- ১) নিয়োগপ্রাপ্ত কেহ বিদেশী কোন নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারবদ্ধ হয়ে থাকলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- ২) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশকালে চাকরিতে বহাল রাখা অনুপযোগী বলে বিবেচিত হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরিচ্যুত করা যাবে অথবা প্রয়োজনে শিক্ষানবিশকাল বৃদ্ধি করা যাবে;
- ৩) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ এবং স্থায়ী ঠিকানা সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের স্থায়ী ঠিকানা সম্পর্কে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- ৪) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণকে যোগদানের সময় নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক প্রদেয় ডোপ টেস্টসহ স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- ৫) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা ও সরকার কর্তৃক নির্ধারিত এবং সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- ৬) চাকরিতে নিয়োগপ্রাপ্তদের জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট বিধি মোতাবেক নির্ধারিত হবে;
- ৭) যোগদানের সময় প্রবেশপত্রের মূলকপি ও সকল সনদপত্রের মূলকপি জমা প্রদান করতে হবে। বিশেষ কোটায় নির্বাচিত প্রার্থীদের কোটা সংশ্লিষ্ট সনদপত্রের মূলকপি জমা প্রদান করতে হবে এবং তথ্যাদি সঠিক পাওয়া না গেলে এ নিয়োগ বাতিল করা হবে;
- ৮) শিক্ষানবিশকালে যেকোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে ১৫ (পনের) দিনের নোটিশে চাকরি হতে বরখাস্ত/অপসারণ করা যাবে। অনুরূপভাবে চাকরি পরিত্যাগ করলে ০৭ (সাত) দিন পূর্বে ইস্তফাপত্র দাখিল করতে হবে এবং ১৫ (পনের) দিনের মূলবেতনের সমপরিমাণ টাকা সরকারি খাতে জমা দিতে হবে;
- ৯) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০২। উপরিউক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৫ ডিসেম্বর ২০২১ তারিখ বুধবার যুগ্মসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে প্রার্থী চাকরিতে যোগদানে ইচ্ছুক নন বলে বিবেচনা করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষর

(মনীন্দ্র কিশোর মজুমদার)
যুগ্মসচিব (প্রশাসন)
ফোন: ৯৫১৪৮৮৬

নং-৩৫.০০.০০০০.০০৮.১১.০০১.২০-১২৯৪

তারিখঃ ০৮ অগ্রহায়ণ ১৪২৮
২৩ নভেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৮। জনাব
- ৯। অফিস কপি/মাস্টার কপি/ব্যক্তিগত নথি/সার্ভিস বহি কপি।

২৩.১১.২১
(মনীন্দ্র কিশোর মজুমদার)
যুগ্মসচিব (প্রশাসন)